

প্রকাশ্য দিবালোকে কুপিয়ে হত্যা :

আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তীব্র নিন্দা ও প্রতিবাদ

বরগুনায় প্রকাশ্যে রিফাত শরীফ নামক এক যুবককে কুপিয়ে হত্যার ঘটনায় আসক তীব্র নিন্দা জানাচ্ছে। পাশাপাশি ঘটনার সাথে জড়িতদের দ্রুততার সাথে গ্রেফতার করে আইনানুগ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, গত ২৬ জুন ২০১৯ সাড়ে ১০ টার দিকে বরগুনা সরকারি কলেজের সামনে সন্ত্রাসীরা রাম দা দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে রিফাতকে। এ সময় তার স্ত্রী হামলাকারীদের প্রতিহত করার চেষ্টা করলেও হামলাকারীরা তার বাধা মানেনি। গুরুতর আহত রিফাত বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

আসক এ ঘটনায় তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। আইনের শাসন ও জবাবদিহিতার অভাব তথা দায়হীনতার সংস্কৃতি এমন একটা পর্যায়ে পৌঁছে গেছে যে, দুর্বৃত্তরা এখন প্রকাশ্যে, দিবালোকে নিজেদের পরিচয় লুকানোর কোনো চেষ্টা না করেই এমন জঘন্য অপরাধ করার স্পর্ধা দেখাচ্ছে। এমন নৃশংসতার দ্রুততার সাথে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা না গেলে আমাদের সমাজ ও রাষ্ট্রীয় ব্যবস্থা চরম সংকটের মধ্যে পড়বে; সমাজে একদিকে অপরাধ, বিভৎসতা আর ন্যায়হীনতা স্থায়ী রূপ নিবে আর অন্যদিকে ভয় ও ত্রাসের সংস্কৃতি প্রতিষ্ঠা পেয়ে যাবে। জানা গেছে, ইতিমধ্যে ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করা হয়েছে, একজনকে গ্রেফতারও করা হয়েছে। আসক দ্রুততার সাথে দায়ী অন্যদের গ্রেফতার করে আইনানুগ প্রক্রিয়ায় দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org